আমাদের সময়

তারিখ ... 4 JUN 2009
পৃষ্ঠা ... ১৮ কলাম ... ৪

## শিক্ষার্থীদের প্রতিবাদ বিক্ষোভ

# ঝালকাঠিতে প্রধান শিক্ষকের রুমে তালা দিয়েছে ছাত্রলীগ ক্যাডাররা

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠির অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান রাজাপুর পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের রুমে তালা ঝুলিয়েছে ছাত্রলীগ-যুবলীগ ক্যাডাররা। অভিযোগ উঠেছে, প্রধান শিক্ষক হতে-ইচ্ছুক এক আওয়ামী লীগ নেতার ইন্ধনে দলীয় ক্যাডাররা এ ঘটনা ঘটিয়েছে। এর প্রতিবাদে বুধবার সকাল থেকে শিক্ষার্থীরা বিদ্যালয়ের সব ক্লাস বর্জনসহ সমস্যা সমাধানে উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে দাবি জানিয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা সমস্যার সমাধানে বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্যদের নিয়ে বুধবার বিকাল সাড়ে ৪টায় এক সভায় মিলিত হন।

বিদ্যালয়ের কয়েক শিক্ষক ও ছাত্র জানান, রাজাপুর পাইলট উচ্চ বিদ্যালয়ের আয়-ব্যয়ের হিসাব নিরীক্ষার জন্য জানুয়ারি ২০০৭ থেকে আগস্ট ২০০৮ পর্যন্ত অভ্যন্তরীণ অডিট সম্পন্ন হয়। এতে বেশ কয়েকটি বিষয়ে আর্থিক অসঙ্গতির কথা উঠে আসে। বিষয়টি সম্পর্কে বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. জসিমউদ্দিনের কাছে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। তবে বর্তমান প্রধান শিক্ষক মো. মশিউর রহমান দাবি করেছেন, অডিটটি জানুয়ারি ২০০৭ থেকে আগস্ট ২০০৮ পর্যন্ত না করে জানুয়ারি ২০০৯ পর্যন্ত করলে সম্পূর্ণ হিসাব মিলবে। কোনো দুর্নীতির প্রশ্নই ওঠে না।

সূত্র জানায়, বিদ্যালয়ের সহকারী শিক্ষক উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি আবদুল জব্বার উপজেলা যুবলীগ-ছাত্রলীগ নেতাকর্মীদের দিয়ে গত মঙ্গলবার বিকাল সাড়ে ৫টায় বিদ্যালয়ে ঢুকে প্রধান শিক্ষকের রুমে তালা ঝুলিয়ে দেন। এ ঘটনার জের ধরে বুধবার শিক্ষার্থীরা বর্তমান প্রধান শিক্ষকের পক্ষে অবস্থান নেয় এবং ক্লাস বর্জনসহ ইউএনওর কাছে লিখিত অভিযোগ করে। এ ব্যাপারে প্রধান শিক্ষক

তালা : পৃষ্ঠা ১৫ কলাম ৪

## তালা : ঝালকাঠি

(শেষ পৃষ্ঠার পর)

মশিউর রহমান জানান, বিষয়টি দুর্ভাগ্যজনক। শিক্ষক হিসেবে সহকারী শিক্ষক আবদুল জব্বার আমার সঙ্গে খোলাখুলি আলাপ করলেই পারতেন।

উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি ও সহকারী শিক্ষক আবদুল জব্বার জানান, স্কুলের সব শিক্ষক বিএনপির সমর্থক। দুর্নীতির অভিযোগ সত্ত্বেও তারা শক্তির জোরে স্কুল দখল করে আছে।